আলমডাঙ্গায় রাস্তা নির্মাণ কাজের উদ্বোধন

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন বলেছেন, আমরা উন্নয়নে বিশ্বাস করি, দেশেন উন্নয়নে কাজ করে যাচ্ছি।
আওয়ামী লীগ ক্ষমতায় আসলে উন্নয়ন হয়। উন্নয়ন করতে হলে ইচ্ছা থাকা প্রয়োজন যা আমরা কাজ করে দেখিয়েছি। এলজিইডির রুরাল কমিউনিটি ইমপ্লিমেন্ট প্রজেক্টের অধিনে আজ হাউসপুর থেকে বেলগাছি, খাসকররা হয়ে সরোজ গঞ্জ জিসি পর্যন্ত ১৯ কোটি ৫৮ লক্ষ ৫০ হাহার টাকা ব্যয়ে ১৮ কিঃ মিঃ রাস্তা নির্মাণ কাজের উদ্বোধন করা হল। পর্যায় ক্রমে আলমডাঙ্গার প্রত্যেক ইউনিয়নেটর রস্তা নির্মাণ করা হবে। আমরা চুয়াডাঙ্গা আলমডাঙ্গায় যে উন্নয়ন করেছি তা কোন সরকারের আমলে করতে পারেনি।
তিনি বলেন, আমরা স্বাধীনতার ৫০ বছর পূর্তি পালন করতে যাচ্ছি। জাতীর পিতা বঙ্গবন্ধু স্বপ্ন দেখতেন সুখী সমৃদ্ধ শীল, ক্ষুধামুক্ত, দারিদ্রমুক্ত একটি সোনার বাংলার। কিন্ত উনি বাস্তবে রুপ দিয়ে যেতে পারেন নি। তার কন্যা জননেন্ত্রী শেখ হাসিনা করে দেখিয়েছেন।
আলমডাঙ্গা ডাউকি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি নুরুল ইসলাম দিপুর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলি, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি খুস্তার জামিল, চুয়াডাঙ্গা সাবেক মেয়র ও জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়াদ্দার টোটন, সাংগঠনিক সম্পাদক মাসুজ্জামান লিটু বিশ্বাস, মুন্সী আলমঙ্গীর হান্নান, ওসি আলমগীর কবির, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুল আলি মাস্টার, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সভাপতি মোহাইমেন হাসান জোয়াদ্দার অনিক, আলমডাঙ্গা উপজেলা ছাত্রলীগের সভাপতি ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজি মারজাহান নিতু, উপজেলা আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক আতিয়ার রহমান, ক্রীড়া সম্পাদক মহিদুল ইসলাম মহিদ, প্রেস ক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক হামিদুল ইসলাম আজম, খাদেমপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হাফিজুর রহমান বাবলু, সাধারণ সম্পাদক মোজাহেদুর

রহমান জোয়াদ্দার লোটাস, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হকসহ ডাউকি ইউনিন আওয়ামী লীগের সম্পাদক ইউপি চেয়ারম্যান তরিকুল ইসলামসহ সকল নেতৃবৃন্দ।

ঝিনাইদহের শৈলকুপায় নৌকা প্রতীকের নির্বাচনী জনসভা

ঝিনাইদহের শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে নৌকা প্রতীকের নির্বাচনী জনসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকালে দুধসর ও ফুলহরি ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে ভাটই বাজারে এ নির্বাচনী জনসভা অনুষ্ঠিত হয়।
দুধসর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গোলাম সরোয়ারের সভাপতিত্বে ও ফুলহরি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জামিনুর রহমান বিপুল এর পরিচালনায় নির্বাচনী জনসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি ও শৈলকুপা আসনের সংসদ সদস্য আব্দুল হাই। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু, সহ-সভাপতি মকবুল হোসেন, তৈয়ব আলী জোয়ার্দ্দার, জেলা বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক এ্যাড. ইসমাইল হোসেন, কোষাধ্যক্ষ জোয়াদ আলী বিশ্বাস, শৈলকুপা উপজেলা পরিষদের উপ-নির্বাচনে নৌকা প্রতীকের চেয়ারম্যান প্রার্থী শেফালী বেগম, সাংগঠনিক সম্পাদক এম হাকিম আহমেদ, দপ্তর সম্পাদক আসাদুজ্জামান আসাদ, উপ-প্রচার সম্পাদক এস এম সাহাবুদ্দিন সাবু, সদস্য নায়েব আলী জোয়ার্দ্দার, শৈলকুপা উপজেলা যুবলীগের সভাপতি শামীম হোসেন মোল্ল্যা, জেলা যুবলীগের যুগ্ম-আহবায়ক রাজু আহমেদসহ আওয়ামী লীগ ও সহযোগি সংগঠনের নেতৃবৃন্দ।
এ সময় বক্তারা আগামী ২৮ ফেব্রুয়ারি শৈলকুপা উপজেলা পরিষদের উপ-নির্বাচনে সকলে ঐক্যবদ্ধ হয়ে চেয়ারম্যান পদে নৌকা প্রতীকের প্রার্থী শেফালী বেগমকে বিপুল ভোটে বিজয়ী করার আহবান জানান। উল্লেখ্য, গত ২০২০ সালের ৪ নভেম্বর শৈলকুপা উপজেলা চেয়ারম্যান শিকদার মোশাররফ হোসেন সোনা মৃত্যুবরণ করেন। ফলে পদটি শূন্য হওয়ায় তার স্ত্রী শেফালী বেগম আওয়ামী লীগের মনোনয়ন পেয়ে নৌকা প্রতীকে লড়ছেন।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদে চাউল ও ভিজিডির কার্ড বিতরণ

“শেখ হাসিনার বাংলাদেশ ক্ষুদা হবে নিরুদ্দেশ” এ স্লোগান কে সামনে রেখে
চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার ৩নং কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদে ২০২১-২০২২ ভিজিডি চক্রের উপকারভোগীর মধ্যে গতকাল মঙ্গলবার সকাল ১০ টার সময় ৩০ কেজি (সরকারী সরবরাহকৃত বস্তায়) খাদ্য শষ্য হিসেবে চাউল ও ভিজিডির কার্ড বিতরণের উদ্বোধন করেন কার্পাসডাঙ্গা ইউনিয়নের চেয়ারম্যান মোঃ খলিলুর রহমান।
এ সময় উপস্থিত ছিলেন সকল ওয়ার্ডের ইউপি সদস্যবৃন্দ, ইউপি সচিব মোঃ মহিউদ্দীন, ইউপি হিসাব সহকারী কাঃ তপন কুমার, গ্রাম পুলিশসহ উপকারভোগীরা।

আলমডাঙ্গায় পানি সরবরাহের পাইপ লাইন স্থাপন

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন এমপি বলেন, ইচ্ছা থাকলে দেশের উন্নয়ন করা সম্ভব, এই প্রকল্পের পিডি যে মন্তব্য করেছেন, আমি তাকে ধন্যবাদ জানাই, মঞ্চে এসে দুচারটে কথা যারা বলে যান, তাতে দেশের উন্নয়ন হয় না।
উন্নয়ন করতে হলে ইচ্ছা থাকা প্রয়োজন। যা আমরা কাজ করে দেখিয়েছি। মাত্র ১২ বছর ক্ষমতায় এসে জননেন্ত্রী হাসিনা বাংলাদের জীবন মান অনেক উন্নত করেছেন। আমরা চুয়াডাঙ্গা আলমডাঙ্গায় যে উন্নয়ন করেছি তা কোন সরকারের আমলে কোরতে পারেনি।
পৌর সভায় ১০ কোটি টাকার সুপেয় পানী সরবরাহ ও ড্রেন নির্মাণ

কাজের উদ্বোধন করা হল এবং পৌর যে সামান্য কাজ বাকি থাকলো তা অতি সত্তর করা হবে। আশা করি আগামী কয়েক বছরে আলমডাঙ্গার প্রত্যেক ইউনিয়নের গ্রামকে শহরে রুপান্তরিত করা হবে।

আমরা স্বাধীনতার ৫০ বছর পালন করতে যাচ্ছি। জাতীর পিতা বঙ্গবন্ধু স্বপ্ন দেখতেন সুখি সমৃদ্ধ শীল, ক্ষুধামুক্ত, দারীদ্রমুক্ত একটি সোনার বাংলার, কিন্ত উনি তা বাস্তবে দেখে যেতে পারেন নি। উনার কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধান মন্ত্রী শেখ হাসিনা তা বাস্তবে রুপ দিচ্ছে।
বাংলাদেশ আজ বিশ্বের রোল মডেল, অনেক দেশ আজ বাংলাদের মত হোতে চায়। এমনকি পাকিস্তানের প্রধান মন্ত্রী ইমরান খান নিজে বলেছেন, ইউরোপ বা আমেরিকার মত নয়, আমরা বাংলাদেশের মত হতে চাই। গতকাল মঙ্গলবার বেলা ১২ টার দিকে পৌর সভার চাতাল মোড়ে এমপি ছেলুন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কাজের উদ্বোধন করেন। বাংলাদেশের ২৩ টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প (এঙই-ওউই) এর আওতায় আলমডাঙ্গা পৌরসভায় পানি সরবরাহের ৩৬.৪৫ কি.মি পাইপ লাইন স্থাপন ও ৫.২৭ কি.মি. ড্রেন নির্মাণ এর উদ্বোধন করে চুয়াডাঙ্গা-১ আসনের এমপি সোলাইমান হক জোয়াদ্দার ছেলুন। অনুষ্ঠানে আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও ৪ বারের পৌর মেয়র হাসান কাদির গনুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুযাডাঙ্গা-১ আসনের এমপি সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন। গতকাল মঙ্গলবার বেলা ১২ টার দিকে এরশাদপুর চাতাল মোড়ে আনুষ্ঠানিক ভাবে ড্রেন ও পাইন লাইন এর কাজের উদ্বোধন করেন। পরে, পৌর এলাকার চাতাল মোড়ে ড্রেন ও আনন্দধামে পানির পাইপ লাইনের কাজের ফলক উন্মোচন করে।
পৌর মেয়র হাসান কাদির গনু বলেন, আমি প্রধান মন্ত্রী জননেন্ত্রী শেখ হাসিনার কাছে কৃতজ্ঞ। চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের শেষ ঠিকানা আমার প্রান প্রিয় নেতা ছেলুন ভাইয়ের কাছে চির কৃতজ্ঞ, কৃতজ্ঞ আলমডাঙ্গা পৌর বাসির কাছে। যারা বার বার আমাকে নির্বাচিত করেছেন।
আপনাদের ঋণ আমি কোন দিন ভুলব না। নির্বাচনের আগে ৩৩ টি রাস্তার কাজ শুরু করেছিলাম। ইতোমধ্যে অনেক কাজ সম্পন্ন হয়েছে। এই কাজও করোনার কারণে শুরু করতে দেরী হয়ে গেল। তারপরও উদ্বোধন করা হল। আশা করি পৌর বাসিকে নাগরিক সুবিধা দিতে পরব।
অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশের ২৩ টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প পরিচালক ওয়াজেদ আলি, চুয়াডাঙ্গা জনসাস্থ্য অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী খন্দকার

এরশাদুজ্জামান মৃদুল, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার লিটন আলি, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি খুস্তার জামিল, চুয়াডাঙ্গা সাবেক মেয়র ও জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়াদ্দার টোটন, সাংগঠনিক সম্পাদক মাসুজ্জামান লিটু বিশ্বাস, মুন্সী আলমঙ্গীর হান্নান, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুল আলি মাস্টার, রবিউল হক, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সভাপতি মোহামাইন জোয়াদ্দার অনিক, আলমডাঙ্গা উপজেলা ছাত্রলীগের সভাপতি ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজি মারজাহান নিতু, আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন, খাদেমপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হাফিজুর রহমান বাবলু, সাধারণ সম্পাদক মোজাহেদুর রহমান লোটাস জোয়াদ্দার প্রমুখ।

জরুরি সংবাদ সম্মেলনে আসছেন শিক্ষামন্ত্রী

মহামারীর কারণে প্রায় এক বছর ধরে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রয়েছে। তবে করোনাভাইরাসের প্রাদুর্ভাব কিছুটা কমে যাওয়ায় সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় খুলে দেওয়ার চিন্তাভাবনা করছে সরকার।

এরই মধ্যে হল খুলে দেওয়ার দাবিতে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা আন্দোলনও শুরু করেছেন।

এ অবস্থায় আজ সোমবার জরুরি সংবাদ সম্মেলনে আসছেন শিক্ষামন্ত্রী দীপু মনি।

শিক্ষা মন্ত্রণালয় থেকে পাঠানো বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, করোনাকালে উচ্চশিক্ষার বিভিন্ন বিষয় নিয়ে শিক্ষামন্ত্রী অনলাইন সংবাদ সম্মেলন করবেন। দুপুর ২টায় এ সংবাদ সম্মেলন হবে।

গত বছরের ১৭ মার্চ থেকে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রয়েছে। কয়েক ধাপে বাড়ানোর পর ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত ছুটি ঘোষণা করা হয়েছে।

বঙ্গবন্ধু সৈনিকলীগ’র গাংনী উপজেলা কমিটি গঠন

বঙ্গবন্ধু সৈনিকলীগ গাংনী উপজেলা শাখার ৫১ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়েছে।

গতকাল শনিবার সন্ধ্যায় বঙ্গবন্ধু সৈনিক লীগের মেহেরপুর জেলা কার্যালয়ে ৫১ সদস্য বিশিষ্ট ৩ বছরের জন্য এ কমিটির ঘোষণা দেন মেহেরপুর জেলা বঙ্গবন্ধু সৈনিক লীগের সভাপতি সোহেল রানা।

এ সময় উপস্থিত ছিলেন জেলা বঙ্গবন্ধু সৈনিক লীগের সহ-সভাপতি পলাশ, সাধারণ সম্পাদক তরুণ আহমেদসহ নেতার্কমীরা।

গাংনী উপজেলা বঙ্গবন্ধু সৈনিক লীগের সভাপতি জিয়াউল হক ও আমিরুল ইসলামকে সাধারণ সম্পাদক করে ৫১বিশিষ্ট কমিটির ঘোষণা দেওয়া হয়।

কমিটির অন্য সদস্যরা হলেন সহ-সভাপতি মনিরুল হাসান, হেলাল উদ্দিন, রাকিবুল ইসলাম, আনারুল ইসলাম, যুগ্ম-সাধারণ সম্পাদক তুষার ইমরান, তুহিন আহমেদ, ফারুক হোসেন, সাংগঠনিক সম্পাদক আমজাদ হোসেন সুমন, যুগ্ম-সাংগঠনিক সম্পাদক জিনারুল ইসলাম ও জাকির হোসেন, প্রচার সম্পাদক লিখন, দপ্তর সম্পাদক জাহেদ, অর্থ বিষয়ক সম্পাদক জাকির হোসেন, মহিলা বিষয়ক সম্পাদক ফেরদৌসী খাতুন, যুগ্ম-সম্পাদক ইয়াসমিন মমতাজ চামেলি খাতুন প্রমুখ।

মারামারি মামলায় ইউনিয়ন যুবলীগের সভাপতি খালেক

কারাগারে

মারামারি মামলায় মোনাখালী ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল খালেককে জেল হাজতে প্রেরণ করেছে আদালত। খালেক গত বৃহস্পতিবার মেহেরপুর ১ম শ্রেণীর জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে হাজির হয়ে জামিন আবেদন করলে আবেদন নামঞ্জুর করে জেল হাজতে প্রেরণের আদেশ দেন ম্যাজিস্ট্রেট তরিকুল ইসলাম।

আব্দুল খালেক মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের দুর্লব মালিথার ছেলে। খালেক মোনাখালী ইউনিয়ন যুবলীগের সভাপতি হিসেবে দায়িত্বে আছেন।

মামলার বিবরণে জানা যায়, গত জানুয়ারি মাসের ১ তারিখে মোনাখালি বাজার সংলগ্ন একটি দোকান ভাড়া নেওয়াকে কেন্দ্র করে স্থানীয় মনিরুজ্জামান জুয়েল নামের এক ব্যক্তির সাথে মারামারির ঘটনা ঘটে।

এ ঘটনায় আব্দুল খালেকসহ ৬ জনের বিরুদ্ধে জুয়েল বাদি হয়ে মুজিবনগর থানায় একটি মামলা দায়ের করেন। যার নম্বর ১২। মামলার অন্য আসামিরা জামিনে মুক্ত থাকলেও খালেক এখন কারাগারে। বিষয়টি নিশ্চিত করেন মামলার তদন্ত কর্মকর্তা মুজিবনগর থানার এস আই বাবলু মিয়া।

বিএনপির আন্দোলন দূর আকাশের নীলিমা, দেখা যায় কিন্তু ছোঁয়া যায় না’-ওবাইদুল কাদের

বিএনপির আন্দোলন দূর আকাশের নীলিমা, দেখা যায় কিন্তু ছোঁয়া যায় না’ প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনমুখী রাজনীতির জন্যই বিএনপি নির্বাচনে ব্যর্থ হয়ে ইস্যু ছাড়াই একযুগ কাটিয়ে দিয়েছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।

তিনি বলেন, বিএনপির আন্দোলন সুদূরপরাহত, তাই তাদের আন্দোলন দূর আকাশের নীলিমা, যা দেখা যায় কিন্তু ছোঁয়া যায় না।

ওবায়দুল কাদের শুক্রবার তার সরকারি বাসভবনে নিয়মিত ব্রিফিংয়ে এসব কথা বলেন।

‘শেখ হাসিনা সরকার দেউলিয়াত্বের শেষ পর্যায়ে’- বিএনপি নেতাদের এমন মন্তব্যের জবাবে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, শেখ হাসিনা সরকার নয়, বিএনপির রাজনীতিই এখন গভীর সমুদ্রে কম্পাসহীন নাবিকের মতো।

তিনি এ সময় বিএনপির মিথ্যাচারই তাদের রাজনীতিকে এখন গ্রাস করছে বলেও মন্তব্য করেন।

গাংনীতে কৃষক লীগের কমিটি গঠন

জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ও মেহেরপুর সরকারী কলেজ ছাত্র সংসদদের সাবেক জিএস ও ভিপি ওয়াসিম সাজ্জাদ লিখন বলেছেন অপচর্চা করতে করতে তামাক ঘরে বসে গোডাউনে ও চায়ের দোকানে বসে পকেট কমিটি গঠন করার কারনে আওয়ামী লীগ আর আওয়ামী লীগ নেই, আওয়ামী লীগ চলে গেছে পকেটে পকেটে।

গতকাল বুধবার বিকেলে গাংনী উপজেলার বামন্দী আখসেন্টার চত্বরে কৃষক লীগের ওয়ার্ড কমিটি গঠন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদানকালে তিনি এ কথা বলেন।

তিনি আরো বলেন, বয়স্ক, বিধবা, মুক্তিযোদ্ধা, কৃষক সহ সকল সরকারী কর্মকর্তা কর্মচারী সুবিধা ভোগ করছে। অথচ যারা খাইছে তারা গাইছেনা যারা গাইছে তারা খাইছেনা। কৃষকলীগ খাইছেনা কিন্তু তারা গাইছে। কৃষকলীগ সব সময় প্রতিটা ভালো কাজের সাথে থেকে সরকারের উন্নয়ন কর্মকান্ড তুলে ধরতে ভুমিকা রাখবে সেই সাথে দলকে সংগঠিত ও শক্তিশালী করতে কাজ করবে এমন নেতৃত্ব আমাদের প্রয়োজন।

বামন্দী ইউনিয়ন কৃষক লীগের আহবায়ক জিয়ারুল ইসলামের সভাপতিত্ব ও গাংনী উপজেলা কৃষকলীগের সহ সভাপতি প্রভাষক রিয়াজ আহমেদের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা কৃষক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশ, গাংনী উপজেলা কৃষক লীগের

সাধারণ সম্পাদক আতিয়ার রহমান, কৃষকলীগ নেতা আজিজুল হক বিশ্বাস, গাংনী পৌর কৃষক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আমজাদ হোসেন।

এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সাবেক ছাত্র নেতা নুর আহমেদ রিন্টু, জাহাঙ্গীর আলম বাদশা, আলাল উদ্দীন রিন্টু, আব্দুস সাত্তার, আবুল বাসার, আব্দুল সালাম প্রমুখ।

পরে আবু বক্করকে সভাপতি ও মিলন হোসেনকে সাধারণ সম্পাদক করে ১ নং ওয়ার্ড এবং মকুল হোসেনকে সভাপতি ও আলমগীর হোসেনকে সাধারণ সম্পাদক করে ২ নং ওয়ার্ড কমিটি গঠন করা হয়।

গাংনীর আওয়ামীলীগ, ঐক্যবদ্ধ আওয়ামীলীগ- জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি

গাংনীর আওয়ামীলীগ ঐক্যবদ্ধ আওয়ামী লীগ। তার প্রমাণ িেমিলছে গাংনী পৌর নির্বাচনে নৌকা মনোনীত প্রার্থী আহাম্মেদ আলীকে নির্বাচিত করার মধ্য দিয়ে তার প্রমাণ দিয়েছে গাংনীর নৌকা প্রেমী জনগণ।

জনগণের আশা আকাংখাকে মুল্যদিয়ে গাংনীর উন্নয়নকে আরো গতিশীল রাখতে প্রয়োজনীয় সর্বাত্নক সহযোগীতা থাকবে সরকারের পক্ষ থেকে।

আয়োজিত বিশাল জনসভায় প্রতিমন্ত্রী আরো বলেন, বর্তমান সরকারের আমলেই দেশের সকল উন্নয়ন সাধিত হয়েছে। এ উন্নয়ন আওয়ামী লীগ সরকারের উন্নয়ন। বঙ্গবন্ধুর হাতে গড়া বাংলাদেশ আওয়ামী লীগ সরকার যখনই ক্ষমতায় আসে তখনই দেশের উন্নয়ন হয়।

আর সে উন্নয়নকে বাধাগ্রস্থ করতে স্বাধীনতা বিরোধী শক্তি বিএনপি জামাত বিদেশী মিডিয়া ভাড়া করে অপপ্রচারে লিপ্ত হয়েছেন। তবে এ ষড়যন্ত্র মোকাবেলা করতে সরকার সচেষ্ট রয়েছেন। এসমস্ত অপপ্রচার ও গুজব জনগণ কেয়ার করেনা। জনগনই তাদের প্রত্যাখ্যান করেছেন।

তিনি আরো বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহামানের নামে বাংলাদেশে একটি জেলা আছে, সেটি মেহেরপুরের মুজিবনগর। বঙ্গবন্ধুর কন্যা দেশনেত্রী শেখ হাসিনা তার মুল্য দিয়ে জনপ্রশাসন মন্ত্রনালয়ের মত গুরুত্বপুর্ণ একটি মন্ত্রনালয়ের দায়িত্ব দিয়েছেন মেহেরপুরের সন্তানকে। মেহেরপুরবাসীর ভালবাসা তারই প্রমাণ মিলেছে।

গাংনী উপজেলা ও পৌরসভার উন্নয়নের লক্ষ্যে অনুষ্ঠিত জনসভায় মেহেরপুর জেলা আওয়ামীলীগের উদ্যোগে সোমবার বিকালে গাংনী পাইলট স্কুল এন্ড কলেজ চত্বরে জেলা আওয়ামীলীগের সিনিয়র সহ-সভাপতি আব্দুল হালিম বিশ্বাস এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জনপ্রশাসন মন্ত্রনালয়ের প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন দোদুল এসব কথা বলেন।

অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে ছিলেন জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন ও গাংনী পৌরসভার নবনির্বাচিত মেয়র আহাম্মেদ আলী।

গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক শফি কামাল পলাশ এর অনুষ্ঠান সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহীম শাহিন, মেহেরপুর জর্জ কোটের পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য, জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগম, গাংনী পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন,

উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, মেহেরপুর বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি অধ্যাপক আব্দুল মালেক, সাধারন সম্পাদক সাইদুর রহমান, সাবেক উপজেলা চেয়ারম্যান অ্যাড শফিকুল আলম, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সফররাজ হোসেন মৃদুল, জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম, সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক, রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু, কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানাসহ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।